



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION  
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd  
Answer Worksheet - 21  
Class - 2

Subject : Bengali Text  
Topic : আমরা বাঙালি

Date : 20.11.2020

নীচের প্রশ্নগুলির উত্তর লেখ।

১) আমরা কী নামে পরিচিত ও আমাদের মাতৃভাষা কী, আমাদের মাতৃভাষায় আর কোন্ স্থানের অধিবাসীরা কথা বলেন এবং এই ভাষা কত বছরের পুরানো?

উঃ আমরা বাঙালি নামে পরিচিত। আমাদের মাতৃভাষা বাংলা। আমাদের মাতৃভাষায় বাংলাদেশের অধিবাসীরা কথা বলেন। এই ভাষা মাত্র এক হাজার বছরের পুরানো।

২) বাঙালিদের মধ্যে দু-জন বিখ্যাত কবি, দু-জন বিজ্ঞানী, দু-জন সমাজসংস্কারক ও দু-জন 'নোবেল পুরস্কার' বিজয়ীর নাম লেখ।

উঃ বাঙালিদের মধ্যে দু-জন বিখ্যাত কবির নাম হল - সুকুমার রায় ও কাজী নজরুল ইসলাম। দু-জন বিজ্ঞানীর নাম হল - আচার্য জগদীশচন্দ্র বসু ও প্রফুল্লচন্দ্র রায়। দু-জন সমাজসংস্কারকের নাম হল - রাজা রামমোহন রায় ও ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। দু-জন 'নোবেল পুরস্কার' বিজয়ীর নাম হল - রবীন্দ্রনাথ ঠাকুর ও অরুণ সেন।

৩) নেতাজি সুভাষচন্দ্র বসু, শ্রীচৈতন্য মহাপ্রভু, সত্যজিত রায়, পি. সি. সরকার — এঁরা কারা?

উঃ নেতাজি সুভাষচন্দ্র বসু ছিলেন একজন মহান দেশপ্রেমিক। শ্রীচৈতন্য মহাপ্রভু ছিলেন একজন ধর্মপ্রচারক। সত্যজিত রায় ছিলেন একজন বিখ্যাত চলচ্চিত্রকার। পি. সি. সরকার ছিলেন একজন বিখ্যাত জাদুকর।

\_\_\_\_\_ X \_\_\_\_\_

Rita Das